

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৩৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১) আযান দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ ও আযানের ফযীলতের বর্ণনা

الترغيب في الأذان وما جاء في فضله

## আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَ:"الإِمَامُ ضَامِنٌ، وَالْمُؤَذِّنُ مُؤْتَمَنٌ، اللَّهُمَّ أَرْشِدِ الأَئِمَّةَ، وَاغْفِرْ لِلْمُؤَذِّنِينَ". رواه أبو داود والترمذي

## বাংলা

২৩৭. (সহীহ) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "ইমাম হচ্ছেন মুসল্লীদের সালাতের জিম্মাদার[1], আর মুআয্যিন হচ্ছেন সালাতের সময়ের ব্যাপারে আমানতদার। হে আল্লাহ! ইমামগণকে হেদায়াতের উপর রাখ[2] এবং মুআয্যিনদেরকে ক্ষমা কর।"

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ৫১৭, তিরমিয়ী ২০৭, ইবনু খুযায়মাহ্ ১৫২৮ ও ইবনু হিব্বান ১৬৭২)

তবে শেষের দু'জনের রেওয়ায়াতে বলা হয়েছেঃ فأرشد الله الأئمة وغفر للمؤذنين "আল্লাহ ইমামগণকে ঠিক রাখুন, ও মুআয্যিনদেরকে ক্ষমা করুন।"

আবু দাউদের বর্ণনার ন্যায় ইবনু খুযায়মাহর ১৫৩১ আর একটি বর্ণনা রয়েছে। আর তার অন্য আর একটি রেওয়ায়াতে আছেঃ

রাস্লুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

(المؤذنون أمناء والأئمة ضمناء اللهم اغفر للمؤذنين وسدد الأئمة (ثلاث مرات

''মুআয্যিনগণ আমানতদার ও ইমামগণ জিম্মাদার। হে আল্লাহ তুমি মুআয্যিনদেরকে মাফ কর ও ইমামগণকে দৃঢ় রাখ (এ দু'আটি তিনবার বলেছেন)'' ইবনু খুযায়মাহ ১৫৩১



## ফুটনোট

- [1] . অর্থাৎ মুসলিমদের নামায পরিপূর্ণরূপে আদায় করিয়ে দেয়ার ব্যাপারে যিম্মাদার। তিনি তাদের নামায সংরক্ষণ করবেন এবং রাকাআত সংখ্যা ঠিক রাখবেন। [দ্রঃ আউনুল মা'বূদ হা/৪৩৪]
- [2] . অর্থাৎ ইমামগণ যে দায়িত্ব নিয়েছে তার গুরুত্ব অনুধাবন ও তা যথাযথভাবে সম্পন্ন করে দায়িত্ব মুক্তির ব্যবস্থা করে দাও। [দ্রঃ আউনুল মা'বৃদ হা/৪৩৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন